

What to Bring to Hospital when Having a Baby

সন্তান হওয়ার সময় হাসপাতালে সাথে করে কি আনতে হবে

Bengali

September 2018

আপনার শিশুর জন্মের সময় হাসপাতালে সাথে করে কি আনতে হবে তার একটি পরামর্শ তালিকা এখানে দেয়া হল।

গাড়ির জন্য

- ২ টি পরিষ্কার পুরানো তোয়ালে
- প্লাস্টিকের বাটি, যদি গাড়িতে বসি হয়

লেবারে/প্রসবে যাওয়ার পূর্বে দয়া করে নিশ্চিত করুন যে আপনার গাড়িতে একটি অনুমোদিত, শিশুর সিট লাগানো আছে।

আপনার প্রয়োজন হবে

- আপনার অ্যান্টেনাটাল কার্ড
- মেডিকেশ্যার কার্ড
- ইনসুরেন্স বিবরণ (যদি আপনার থাকে)
- লেবারে/প্রসবে থাকাকালীন সময়ে পরিধানের জন্য কাপড় যেমন- একটি বড় টি-শার্ট বা একটি পুরনো রাতের পোশাক
- রাতের পোশাক এবং একটি ড্রেসিং গাউন
- কিছু টিলা, আরামদায়ক দিনের পোশাক
- আরামদায়ক জুতা
- ২ টি নার্সিং ব্রা সহ আন্ডারওয়্যার। অনেক মহিলা একবার ব্যবহারের পর ফেলে দেয়া যায় এই ধরনের অন্তর্বাস ব্যবহার করে।
- মাতৃস্বকালীন সাইজের স্যানিটারি প্যাড
- স্নন বা নার্সিং প্যাড
- প্রসাধন সামগ্রী যেমন সাবান, টুথ ব্রাশ, টুথপেস্ট, ডিওডোরেন্ট, শ্যাম্পু, ব্রাশ, চিরুনি এবং মুখের কাপড়
- লিপ বাম
- হেয়ার ড্রাইয়ার
- চুষার জন্য মিষ্টি/ ললি
- ফোন চার্জার

আপনার সঙ্গী বা সহযোগী লোকের জন্য

- খাবার, স্ন্যাক এবং পানীয়
- টিলা আরামদায়ক পোশাক এবং জাম্পার কারণ হাসপাতাল শীতাতপ নিয়ন্ত্রিত
- কলম এবং কাগজ দরকারী হতে পারে
- সঁতারের পোশাক
- ক্যামেরা / ভিডিওসহ ফোন, ক্যামেরা বা ভিডিও রেকর্ডার এবং চার্জার

বাচ্চার জন্য

- ন্যাপী (৮-১০ টি করে প্রতিদিন)
- বেবি ওয়াইপস্
- আপনি যদি শিশুকে ফর্মুলা দুধ খাওয়ানোর পরিকল্পনা করে থাকেন তাহলে আপনাকে ফর্মুলা দুধ এবং বোতল সাথে করে নিয়ে আসতে হবে
- বাড়িতে যাওয়ার সময় পরিধান করার জন্য বাচ্চার জামাকাপড়

ইংরেজী বুঝতে ও বলতে যে কোন ধরনের সহায়তার জন্য পেশাদার দোভাষী রয়েছে। দোভাষী সেবা ব্যবস্থা গোপনীয়তা বজায় রাখে এবং তা বিনামূল্যে পাওয়া যায়। আপনি যদি একজন দোভাষী চান তাহলে দয়া করে স্টাফকে তা বলুন অথবা ট্রান্সলেটিং এন্ড ইন্টারপ্রেটিং সার্ভিসেস (TIS) ১৩১ ৪৫০ নম্বরে ফোন করুন।

স্থানীয় যোগাযোগ

নাম: _____ ফোন: _____